

জেলা প্রতিনিধি | সিলেট | 23 April, 2025

কর্তৃপক্ষের দুই দফা দাবি পূরণের আশ্বাসে অনির্দিষ্টকালের শাটডাউন কর্মসূচি প্রত্যাহার করেছে সুনামগঞ্জ মেডিকেল কলেজের আন্দোলনকারী শিক্ষার্থীরা। দ্রুতই ক্লাসে ফিরবেন বলে জানিয়েছেন শিক্ষার্থীরা।

বুধবার সকালে সংবাদ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিক ভাবে আন্দোলন কর্মসূচী প্রত্যাহারের ঘোষণা দেন শিক্ষার্থীরা। এসময় একাডেমিক ভবনের ফটকের তালা খুলে কলেজে প্রবেশ করেন তারা।

সংবাদ সম্মেলনে শিক্ষার্থী প্রতিনিধিরা জানান, ওয়ার্ড ক্লাস সুবিধা ও হাসপাতাল চালুর দাবিতে গত ১৫ এপ্রিল থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জনের ঘোষণা দিয়ে বিভিন্ন আন্দোলন কর্মসূচি পালন করে আসছিলেন তারা। সর্বশেষ ২০ এপ্রিল সড়ক অবরোধ কর্মসূচিতে আইনশৃঙ্খলাবাহিনী কর্তৃপক্ষ শিক্ষার্থীদের উপর হামলার প্রতিবাদে দাবি না মানা পর্যন্ত অনির্দিষ্টকালের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম শাটডাউনের ঘোষণা দেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। এরই প্রেক্ষিতে গতকাল মঙ্গলবার আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে স্বাস্থ্যবিভাগ ও কলেজ কর্তৃপক্ষের বিশেষ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দুই দফা দাবি পূরণে আশ্বাস দেন কর্তৃপক্ষ। হাসপাতালের কার্যক্রম চালুর আগ পর্যন্ত সপ্তাহে ছয় দিন সুনামগঞ্জ জেলা সদর হাসপাতালে শিক্ষার্থীদের ক্লিনিক্যাল ক্লাস সুবিধা দিতে তিনজন বিশেষজ্ঞ চিকিৎসক সেখানে পদায়ন, শিক্ষার্থীদের যাতায়াতের জন্য প্রয়োজনীয় বাসের সরবরাহ, দ্রুত অবকাঠামো নির্মাণ কাজ শেষ করে নতুন হাসপাতাল চালুতে সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়ায় আশ্বস্ত হন শিক্ষার্থীরা। ফলে ক্লাস বর্জন কর্মসূচি প্রত্যাহার করে দ্রুতই ক্লাসে ফেরার কথা জানান তারা। তবে আশ্বাসের যথাযথ প্রতিফলন না হলে ভবিষ্যতে আন্দোলনে নামার কথা জানান তারা।

সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের পক্ষে লিখিত বক্তব্য প্রদান করেন সুনামগঞ্জ মেডিকেল কলেজের চতুর্থ বর্ষের শিক্ষার্থী প্রিয়াস চন্দ্র দাস, হারুন অর রশীদ, তৃতীয় বর্ষে শিক্ষার্থী মৌনতা নাথ মিশি।

শাটডাউন